

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.২০৬.০০.৬৮৩.১৫.৭১২৬

তারিখ : ০৯ জুলাই ২০২৪

বিষয়: অনলাইন সফ্টওয়্যার (spds) এর মাধ্যমে বিআরডিবি'র রাজস্ব বাজেটভুক্ত জনবলের তথ্য হালনাগাদকরণ ও সংযুক্তকৃত কর্মস্থলের তথ্য যথাযথ এন্ট্রিকরণ।


সূত্র: ১। সদর কার্যালয়ের স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৬.০০.৬৮৩.১৫.৬৯১৫	তারিখ:-২০.০৬.২০২৩ খ্রিঃ
২। সদর কার্যালয়ের স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৬.০০.৬৮৩.১৫.৭৩৩৭	তারিখ:-০৮.০৮.২০২১ খ্রিঃ
৩। সদর কার্যালয়ের স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৬.০০.৬৮৩.১৫.৮০০৫	তারিখ:-০২.০৯.২০২১ খ্রিঃ
৪। সদর কার্যালয়ের স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৬.০০.৬৮৩.১৫.৯৪৪৫	তারিখ:-১৩.১০.২০২১ খ্রিঃ
৫। সদর কার্যালয়ের স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৬.০০.৬৮৩.১৫.১১৪৬৬	তারিখ:-২০.১২.২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনলাইন সফ্টওয়্যার (spds) এর মাধ্যমে জনবলের তথ্য হালনাগাদের জন্য ইতঃপূর্বে সদর কার্যালয় কর্তৃক একাধিকবার নির্দেশনা প্রদান করা হয়।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, প্রশাসনিক আদেশে ভিন্ন ভিন্ন সময়ে জেলা/উপজেলায় কর্মকর্তা/কর্মচারীদের বদলি/পদায়ন করা হলেও তাদের হালনাগাদকৃত তথ্য সংশ্লিষ্ট জেলা দপ্তর কর্তৃক অনলাইন সফ্টওয়্যার (spds) এ পোষ্টিং/এন্ট্রি দেয়া হয়নি। ক্ষেত্রবিশেষ কিছু সংখ্যক জেলাদপ্তর জেলার অভ্যন্তরে কর্মকর্তা/কর্মচারীদের বদলি/পদায়ন সংক্রান্ত তথ্য অনলাইন সফ্টওয়্যার (spds) এ এন্ট্রিকরণেও তা অসম্পূর্ণ। দায়সাদা তথ্য এন্ট্রির ফলে জনবলের তথ্য, বিশেষ করে বিভিন্ন জেলা/উপজেলার বিপরীতে সংযুক্তকৃত জনবলের তথ্য মন্তব্য কলামে উল্লেখ না করার ফলে তথ্য বিভ্রাট দেখা দিয়েছে। ফলশ্রুতিতে কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতা সংক্রান্ত জটিলতা সৃষ্টি হতে পারে। অসম্পূর্ণ তথ্য সন্নিবেশের ফলে বিআরডিবি ibas++ এ যুক্ত হওয়ায় এতদ বিষয়ে বেতনভাতা সংক্রান্ত কোনো ধরনের জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক দায়ী থাকবেন। এতদসংক্রান্ত নির্দেশনা ইতঃপূর্বে দেয়া হয়েছে।

এমতাবস্থায়, বিআরডিবি'র রাজস্ব বাজেটভুক্ত জনবলের তথ্য হালনাগাদকরণ ও কর্মকর্তা/কর্মচারীদের সংযুক্তকৃত কর্মস্থলের তথ্য অনলাইন সফ্টওয়্যার (spds) এ পোষ্টিং/এন্ট্রি দিয়ে এসপিডিএস এর প্রিন্ট কপি (ত্রৈমাসিক প্রতিবেদন) স্বাক্ষরান্তে প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এসপিডিএস এর ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিতভাবে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

  
তারিখ: ০৯/০৭/২০২৪  
মোহাম্মদ হোসেন হক  
যুগ্মপরিচালক (প্রশাসন)

উপপরিচালক (সকল)


বিআরডিবি, ..... জেলা।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.২০৬.০০.৬৮৩.১৫.৭১২৬

তারিখ : ০৯ জুলাই ২০২৪

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক, বিআরডিবিআই, সিলেট।
- ২। যুগ্মপরিচালক/প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক, ....., বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/রংপুর/গাইবান্ধা।
- ৩। উপপরিচালক (সকল), ....., বিআরডিবি, ঢাকা।
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), বিআরডিবি, ..... উপজেলা, ..... জেলা।
- ৭। পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা/প্রশিক্ষণ) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

  
তারিখ: ০৭.০৭.২৪  
আব্বাস আলী  
উপপরিচালক (প্রশাসন)